



নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং- ১৭.০০.০০০০.৩৪.৩৮.০০৩.২২-২৮৮

তারিখ: ২২ ভাদ্র ১৪২৯
০৬ সেপ্টেম্বর ২০২২

বিষয় : ঝিনাইদহ জেলার স্থগিতকৃত ঝিনাইদহ পৌরসভা সাধারণ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে কতিপয় নৌ-যান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, আগামী ১১ সেপ্টেম্বর ২০২২ তারিখ রবিবার ঝিনাইদহ জেলার ঝিনাইদহ পৌরসভা সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে। ইতঃপূর্বে অনুষ্ঠিত এ ধরনের নির্বাচনে নৌ-পরিবহণ মন্ত্রণালয় কর্তৃক ভোটগ্রহণের দিন এবং তার আগে ও পরে বিশেষ কয়েকটি নৌ-যান যথা: লঞ্চ, স্পীড বোট, ইঞ্জিন চালিত যে কোন ধরনের নৌযান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছিল। একইভাবে উল্লিখিত নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ১০ সেপ্টেম্বর ২০২২ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ১১ সেপ্টেম্বর ২০২২ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত নৌ-যান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে:

- (১) লঞ্চ
- (২) ইঞ্জিন চালিত সকল ধরনের নৌ-যান (ইঞ্জিন চালিত ক্ষুদ্র নৌযান এবং জনগণ তথা ভোটারদের চলাচলের জন্য ব্যবহৃত ক্ষুদ্র নৌযান ব্যতীত)
- (৩) স্পীড বোট

০২। উল্লিখিত নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাদের নির্বাচনি এজেন্ট, দেশী/বিদেশী পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। সেই সাথে নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশী/বিদেশী সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজ যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত নৌ-যান চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। তাছাড়া, প্রধান প্রধান নৌ-পথে বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবেন। সেই সাথে ভোটার ও জনসাধারণের চলাচলের একমাত্র মাধ্যম হিসেবে সকল নৌ-যান চলাচলের ক্ষেত্রে ও দূর পাল্লার নৌ-যান চলাচলের ক্ষেত্রে এ নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না।

০৩। বর্ণিতাবস্থায়, উল্লিখিত নির্বাচন উপলক্ষে সংশ্লিষ্ট এলাকায় ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ১০ সেপ্টেম্বর ২০২২ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ১১ সেপ্টেম্বর ২০২২ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত বর্ণিত নৌ-যান চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করার লক্ষ্যে জেলা প্রশাসক/সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষ-কে ক্ষমতা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ আতিয়ার রহমান)

উপসচিব

নির্বাচন পরিচালনা-২ অধিশাখা

ফোন: ০২-৫৫০০৭৫২৫

E-mail: sasemc1@gmail.com

সচিব

নৌ-পরিবহন মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং- ১৭.০০.০০০০.৩৪.৩৮.০০৩.২২-২৮৮

তারিখ: ২২ ভাদ্র ১৪২৯
০৬ সেপ্টেম্বর ২০২২

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব, (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. সচিব, (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৬. মহাপরিচালক, বিজিবি/আনসার ও ভিডিপি/ডিজিএফআই/এনএসআই/র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব), ঢাকা
৭. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ
৯. উপমহাপুলিশ পরিদর্শক, খুলনা রেঞ্জ
১০. যুগ্মসচিব (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১২. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশ ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]
১৩. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [সংবাদ মাধ্যমকে অবহিতকরণ ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধসহ]
১৪. জেলা প্রশাসক, ঝিনাইদহ
১৫. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, খুলনা অঞ্চল, খুলনা
১৬. জেলা নির্বাচন অফিসার, মাগুরা ও রিটার্নিং অফিসার
১৭. পুলিশ সুপার, ঝিনাইদহ
১৮. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৯. জেলা নির্বাচন অফিসার, ঝিনাইদহ
২০. জেলা কম্যান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ঝিনাইদহ
২১. উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর
২২. জেলা তথ্য অফিসার, ঝিনাইদহ
২৩. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
২৪. মাননীয় নির্বাচন কমিশনার জনাব এর একান্ত সচিব নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
২৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৬. উপজেলা নির্বাচন অফিসার, ঝিনাইদহ সদর ও সহকারী রিটার্নিং অফিসার
২৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ঝিনাইদহ সদর থানা।

(মোহাম্মদ মোরশেদ আলম)

সিনিয়র সহকারী সচিব

নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা

ফোন: ৫৫০০৭৬১০

E-mail: sasemc1@gmail.com